

ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি

তারিখ ০০০ ০০০ ০০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০
সংখ্যা ১৫

NOV. 02-2002

মোটা টাকা হাতানোর

কোচিং ব্যবসা

জমেছে বেশ

জীবননগর (চুয়াডাঙ্গা) থেকে সংবাদদাতা ॥
উপজেলা শহরসহ গ্রামগঞ্জের সর্বত্র শিক্ষিত
বেকার যুবক এবং স্কুল, কলেজ ও মাদ্রাসার
শিক্ষকদের প্রাইভেট কোচিং সেন্টার ব্যবসার
হিড়িক পড়ে গেছে। বিদ্যালয়গুলোতে
শিক্ষকরা দায়সারাবে ছাত্র-ছাত্রীদের পাঠদান
করে তাদের প্রাইভেট কোচিং সেন্টারে ভর্তি
হওয়ার জন্য নির্দেশ প্রদান করছেন। শিক্ষার
এ বেহাল অবস্থার কারণে জীবননগর
উপজেলাতে শিক্ষার মান এখন নিম্নগামী।
অভিভাবকদের অভিযোগ এবং বিভিন্ন সূত্র
থেকে জানা যায়, উপজেলাধীন শহর ও
গ্রামগঞ্জে ইতিমধ্যে শতাধিক প্রাইভেট কোচিং
সেন্টার গড়ে উঠেছে। এলাকার শিক্ষিত
বেকার যুবকরা স্কুল, কলেজ ও মাদ্রাসার
শিক্ষকদের কোচিং সেন্টারের পরিচালক
নিয়োগ করে উন্নত শিক্ষার নামে ছাত্র-
ছাত্রীদের অভিভাবকদের নিকট থেকে প্রতি
মাসে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়ে
প্রতারণা করছে। অভিভাবকগণ ভাল
লেখাপড়ার আশায় কোমলমতি ছেলে-
মেয়েদের স্কুলের পাশাপাশি কোচিং সেন্টার
অর্থবা-শিক্ষকদের নিকট প্রাইভেট পড়তে
পাঠান। একজন অভিভাবক অভিযোগ করে
বলেন, কোচিং সেন্টার ব্যবসাতে প্রচুর অর্থ
উপার্জিত হওয়াতে শিক্ষকরা শিক্ষাদানের
ব্যাপারে অবহেলা করে যাচ্ছেন।